দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746
PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]
HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 23 AUGUST 2025 , SATURDAY | ২৩ আগস্ট ২০২৫ , শনিবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-371

## কলকাতা মেট্রোর নতুন রুটের উদ্বোধনে প্রধানমন্ত্রী



এই যুগ , কলকাতা, ২২ আগস্ট : শুক্রবার কলকাতা মেট্রোর নতুন একটি রুটের উদ্বোধন করলেন দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।কলকাতা মেট্রোর ইয়েলো লাইন অর্থাৎ নোয়াপাড়া-বারাসত রুটের নোয়াপাড়া থেকে বিমানবন্দর পর্যন্ত ৬.৭৭ কিলোমিটার অংশের আনুষ্ঠানিক উদ্বোধন এবং গ্রিন লাইন অর্থাৎ হাওড়া ময়দান থেকে সল্টলেক সেক্টর-ফাইভ পর্যন্ত মেট্রো পরিষেবা এবং অরেঞ্জ লাইন নিউ গড়িয়া-বিমানবন্দর অংশের রুবি মোড় থেকে বেলেঘাটা পর্যন্ত ৪.৪ কিমি অংশ মেট্রোপথে সংযোজিত হলো আজ থেকে। হাওড়া মেট্রো স্টেশন থেকে মাত্র ১১ মিনিটে শিয়ালদহ এবং ৩০ মিনিটে পৌঁছনো যাবে সেক্টর ফাইভ। ইয়েলো লাইনের নোয়াপাড়া-বিমানবন্দর পর্যন্ত মেট্রো চালু হওয়ার পরে কলকাতা বিমানবন্দরের সঙ্গে খুব সহজেই যানযট এরিয়ে বিমানবন্দরে পৌঁছে যাবে যাত্রিরা ,অতি কম খরচে। আজ শুক্রবার সন্ধ্যা ৬টা থেকেই হাওড়া ময়দান-সল্টলেক সেক্টর ফাইভে বাণিজ্যিক পরিষেবা চালু হয়ে যাবে। যাত্রীরা আজ থেকে মেট্রো চড়তে পারবেন । তবে ইয়েলো এবং অরেঞ্জ লাইনে বাণিজ্যিক পরিষেবা চালু হতে চলেছে আগামী ২৫ অগস্ট সোমবার থেকে। মেট্রোর জারি করা বিজ্ঞপ্তি অনুযায়ী , হাওড়া ময়দান থেকে সল্টলেক সেক্টর ফাইভ রুটে প্রথম মেট্রো চলবে সকাল সাড়ে ৬টায় এবং শেষ মেট্রো ছাড়বে রাত ১০টা ১৯ মিনিটে। কবি সুভাষ থেকে বেলেঘাটা লাইনের প্রথম মেট্রো মিলবে সকাল ৮টায় এবং শেষ মেট্রো মিলবে রাত ৮টা ২৮ মিনিটে এবং নোয়াপাড়া থেকে জয় হিন্দ বিমানবন্দর যাওয়ার প্রথম মেট্রো চালু হবে সকাল ৭টা ৫৮ মিনিটে এবং শেষ ট্রেন ছাড়বে রাত ৮টা ১০ মিনিটে। অরেঞ্জ এবং ইয়েলো লাইনে শনিবার ও রবিবার মেট্রো চলবে না।নতুন রুটের ভাড়ার তালিকা - হাওড়া ময়দান-সেক্টর ফাইভ- ৩০ টাকা,হাওড়া ময়দান-শিয়ালদহ-২০ টাকা,হাওড়া ময়দান-করুণাময়ী ৩০ টাকা ,হাওড়া ময়দান-সেন্ট্রাল পার্ক ৩০ টাকা,হাওড়া ময়দান-সিটি সেন্টার ৩০ টাকা,হাওড়া ময়দান-বেঙ্গল কেমিক্যাল ৩০ টাকা,হাওড়া ময়দান-সল্টলেক স্টেডিয়াম ২০ টাকা,হাওড়া ময়দান-ফুলবাগান ২০ টাকা |এদিনের মেট্রো রুটের উদ্ধোধনের পর শহরতলির পরিবহণ পরিষেবা ব্যবস্থা অনেকটাই বদলে গেল । যাত্রী দের গন্তব্যে পৌঁছাতে যে বাস অথবা চারচাকার উপর ভরসা করতে হত , সেখানে মেট্রোয় রুট বাড়ায় , কম খরচে , কম সময়ে বিনা যানজটে নিজস্ব গন্তব্যে পৌঁছাতে পারবে সাধারণ মানুষ।

## স্বাস্থ্য কেন্দ্রের মাঠ পার্কিং জোনে পরিণত হয় শুক্রবার



মলয় দেবনাথ, এই যুগ, আলিপুরদুয়ার, ২২ আগস্ট : শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের মাঠ যেন পার্কিং জোন এমনটাই দেখা যায় প্রতি শুক্রবার স্বাস্থ্যকেন্দ্রে গেলে পরে। শুক্রবার বেলা তিনটা নাগাদ স্বাস্থ্য কেন্দ্রে গিয়ে দেখা গেল শামুকতলা হাটে আসা বিভিন্ন মালপত্র নিয়ে গাড়িগুলো পার্কিং করা রয়েছে স্বাস্থ্য কেন্দ্রের মাঠে। তিন চাকা চার চাকার যান থেকে শুরু করে অটো রাখা হয় স্বাস্থ্য কেন্দ্রের মাঠেই। যদিও এ দিয়ে কোন মাথা ব্যাথা নেই স্বাস্থ্য কর্মীদের। মূলত স্বাস্থ্য কেন্দ্রের জায়গা ব্যবহার করছেন আমজনতা থেকে শুরু করে ব্যবসায়ীরাও।

## তৃণমূল যুব নেতাকে গুলি করে হত্যার অভিযোগে অরুণাচল প্রদেশ থেকে গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ২২ আগস্ট : তৃণমূল যুব নেতাকে ভর দুপুরে ভরা বাজারের মাঝে গুলি চালিয়ে খুনের ঘটনায় বৃহস্পতিবার রাতে অরুনাচল প্রদেশের নাহারলাগন থেকে দুই অভিযুক্তকে গ্রেওতার করে পুলিশ। শুক্রবার কোচবিহার জেলা পুলিশ সুপার সাংবাদিকদের গ্রুপে এই খবর জানান। পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য জানান কোচবিহারের ডোডেয়ার হাটে চলতি মাসের নয় তারিখ প্রকাশ্য দিবালোকে গুলি করে হত্যা করা হয় যুব তৃণমূল নেতা অমর রায়কে। গুলিতে আহত হন আলমগীর হোসেন নামে আরেক ব্যক্তি,তিনি এখন সুস্থ। এই ঘটনার তদন্তে নেমে পুলিশ দিন কয়েক আগে অসম বাংলা সীমানা থেকে বিনয় রায় নামে এক অভিযুক্তকে গ্রেপ্তার করে। বিনয়ের হেফাজত থেকে উদ্ধার হয় একটি আগ্নেয়াস্ত্র ও গুলি। বিনয়কে আদালতে হাজির করে পুলিশ রিমান্ডে নেয়। তাকে জিজ্ঞাসাবাদ করে এই দুই অভিযুক্তের সন্ধান পায় পুলিশ। ধৃতদের নাম নারায়ন বর্মন ওরফে বিশা (২০), ও কিশোর বর্মন ওরফে ববি (২৪),দুজনের বাড়ি পুন্ডিবাড়ি থানার অন্তর্গত মরানদীর কুঠী গ্রামে। দুজনকে আদালতে পেশ করে পুলিশ রিমান্ডে নেবার আবেদন জানানো হবে। পুলিশ সুপার আরো জানান খুব শীঘ্রই অন্যান্য অভিযুক্তদের কে গ্রেপ্তার করা সম্ভব হবে।

## শিলিগুড়িতে বিভিন্ন হোটেল রেস্তোরাঁয় অভিযান খাদ্য সুরক্ষা দপ্তরের



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ২২ আগস্ট : শিলিগুড়ির ভক্তিনগর থানার অন্তর্গত প্রনামী মন্দির রোডে বিভিন্ন হোটেল, রেস্তোরাঁ ও খাবারের দোকানগুলিতে শুক্রবার দিনভর অভিযান চালান খাদ্য সুরক্ষা দপ্তরের আধিকারিকগন। এদিনের অভিযানে সমস্ত খাবারের দোকানগুলিতে অনেক অনিয়ম ধরা পড়েছে। আমিষ ও নিরামিষ খাবার একসাথে ফ্রিজে রাখা, খাবার খোলা অবস্থায় রাখা, খাবার তৈরির তারিখ উল্লেখ না করা, অপরিচ্ছন্ন ভাবে খাবার রাখা এসব অনিয়ম লক্ষ্য করে খাদ্য সুরক্ষা দপ্তরের আধিকারিকগন বিভিন। দোকান থেকে খাবারের নমুনা সংগ্রহ করে নিয়ে যান। পাশাপাশি হোটেল, রেস্তোরাঁ ও খাবারের দোকানগুলির মালিকদের সতর্ক করা হয়েছে। তাদের পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে খাবার রাখা ও পরিবেশন করার নির্দেশ দেওয়া হয়েছে। যদি কেউ নিয়ম না মানেন তাহলে তার লাইসেন্স বাতিল করে কঠোর আইনী পদক্ষেপ গ্রহন করা হবে বলে জানিয়ে দেওয়া হয়েছে। খাদ্য সুরক্ষা দপ্তর সূত্রে জানানো হয়েছে প্রতি সপ্তাহে এধরণের অভিযান শহরের বিভিন্ন এলাকায় চালানো হবে।

# অভিযোগের ৪৮ ঘণ্টার মধ্যেই চুরি যাওয়া টোটো উদ্ধার করল ভাটিবাড়ি ফাঁড়ির পুলিশ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ আগস্ট : অভিযোগের ৪৮ ঘণ্টার মধ্যেই চুরি যাওয়া টোটো উদ্ধার করল ভাটিবাড়ি ফাঁড়ির পুলিশ। গ্রেফতার করা হয়েছে টোটো চোরকে। ভাটিবাড়ি ফাঁড়ির ওসি দীপায়ন সরকার এমনটাই জানিয়েছেন শুক্রবার রাত সাড়ে সাতটা নাগাদ। উত্তর মজিদখানা এলাকার টোটো চালক বুদ্ধেশ্বর দাসের টোটো ভাড়া নিয়েছিলেন ধলপল এলাকার ঘর জামাই মুন্না রাজী। বুধবার দুপুরেই ভাটিবাড়ী বাজার এলাকা থেকে বুদ্ধেশ্বরের চোখে ধুলো দিয়ে পালিয়ে যায় মুন্না রাজী। টোটো না পেয়ে পুলিশের কাছে অভিযোগ দায়ের করে বুধবার দুপুরেই। অভিযোগের পরেই পুলিশ তদন্ত শুরু করে। সিসি ক্যামেরার ফুটেজ দেখে চোরকে শনাক্ত করে। শুক্রবার দুপুরে কোচবিহার জেলার ধলপল এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। পুলিশ তাকে জিজ্ঞাসাবাদ শুরু করেছে। তবে ধলপল এলাকার ঘর জামাই মুন্না রাজীকে পুলিশ ধরে আনার সময় আনন্দিত দেখা গেছে অনেকেই।

# চুরির ২৪ ঘণ্টার মধ্যেই উদ্ধার টাকা, গ্রেপ্তার চোর



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ আগস্ট : মোবাইলের দোকানে চুরির ঘটনার ২৪ ঘন্টার মধ্যেই চোর সহ চুরি হওয়া টাকা এবং অন্যান্য সামগ্রী উদ্ধার করল শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ এমনটাই জানা গেছে পুলিশের কাছ থেকে। শামুকতলা থানার খাপসার ডাঙ্গা বাজার এলাকায় একটি মোবাইলের দোকানে চুরির ঘটনা ঘটেছিল বুধবার রাতে। বৃহস্পতিবার অভিযোগ দায়ের হয়ে পুলিশের কাছে। অভিযোগের ২৪ ঘন্টার মধ্যেই উদ্ধার করা হয় চুরি হয়ে যাওয়া টাকাসহ অন্যের মুখ সামগ্রী গ্রেফতার করা হয়েছে রাহুল রায় নামে এক যুবককে। শুক্রবার তাকে আদালতে পাঠালে বিচারক তাকে জেলে হেফাজতের নির্দেশ দেন। দুর্গাপূজা শুরু হওয়ার আগেই চুরি শুরু হয়ে গেছে আর এর ফলেই আতঙ্কিত হয়ে পড়েছেন থানা এলাকার ব্যবসায়ীরা।

# নেশার ট্যাবলেট সহ গ্রেপ্তার একজন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ আগস্ট : প্রচুর পরিমানে নেশার ট্যাবলেট সহ এক ব্যাক্তিকে গ্রেফতার করল পুলিশ জয়গাঁ থানা এলাকায়।গোপন সুত্রে খবরের ভিত্তিতে জয়গাঁ থানার পুলিশ শুক্রবার জয়গাঁ থানার দলসিংপাড়া ছেত্রী লাইন এলাকায় অভিযান চালায়। অভিযান চালিয়ে একটি বাড়ি থেকে প্রায় নয়শো নিষিদ্ধ নেশা ট্যাবলেট উদ্ধার করে। এই ঘটনায় পুলিশ একজনকে গ্রেফতার করেছে। পুরো ঘটনার তদন্ত করছে পুলিশ।

# দাউ দাউ করে জ্বলে উঠছে ঘরের বেড়া এমনিতেই



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার ,২২ আগস্ট : ২৪ ঘন্টার মধ্যে কম করে ২৫ বার আগুন লেগেছে এক বাড়ির বিভিন্ন ঘরে। ঘটনায় শোরগোল পড়ে গেছে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের ভাটিবাড়ী গ্রাম পঞ্চায়েতের দক্ষিণ বোরাগাড়ি এলাকায়। উঠানে জনতার ভিড় এরই মধ্যে দাউ দাউ করে আগুন জলে উঠলো থাকার ঘরে। রহস্য উন্মোচন করতে পারিনি পুলিশ থেকে শুরু করে পাড়া-প্রতিবেশীরাও। দক্ষিণ বোরাগাড়ীর বাসিন্দা দুর্লভ বিশ্বাসের বাড়িতে আগুন লাগার ঘটনা শুরু হয়েছে বৃহস্পতিবার বিকেল ছটা নাগাদ। কখনো রান্না ঘরে, কখনো থাকার ঘরে, কখনো গোয়াল ঘরে, কখনো বিদ্যুতের তারে, কখনো ঘরের চেয়ারে রাখা কাপড়ে এমনিতেই আগুন ধরে যাচ্ছে। আগুন লাগার ঘটনা নিয়ে তদন্ত শুরু হয়েছে পুলিশের পক্ষ থেকেও। যদিও পরিবারের সদস্যদের কাছ থেকে জানা গেছে গত তিন মাস আগে একইভাবে আগুন লাগার ঘটনা ঘটার পর বাড়িতে কবিরাজ এনে আগুন বন্ধ করেছিলেন। তিন মাস বাদে আবার আগুন লাগার ঘটনায় আতঙ্কিত হয়ে পড়েছেন পাড়া-প্রতিবেশী থেকে শুরু করে পরিবারের সদস্যরা। বৃহস্পতিবার রাতে উঠানে বসে রাত কাটিয়েছেন পরিবারের সদস্যরা। শুক্রবার সকাল থেকে বাড়িতে রান্না হলেও পেটে ভাত যাচ্ছে না পরিবারের সদস্যদের। আগুনের হাত থেকে কিভাবে বাঁচবেন তাই নিয়ে চিন্তিত পরিবারের সদস্যরা।

# মন্ত্রীর সভায় নির্দল কাউন্সিলর তৃণমূলে যোগ দিলো



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ আগস্ট : আলিপুরদুয়ার পৌরসভার ৬ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর গার্গী তালুকদার তৃণমূলের যোগদান করেই মুখ খুললেন সংবাদ মাধ্যমের কাছে শুক্রবার বিকেল পাঁচটা নাগাদ। নির্দল প্রার্থী হিসেবে জয়লাভ করেও তার ওয়ার্ডে কাজ করতে কোনরকম অসুবিধা হচ্ছিল না। দলের সঙ্গে ভুল বুঝাবুঝির সিদ্ধান্তেই তিনি নির্দল প্রার্থী হয়ে ভোট লড়ে জয়ী হয়েছিলেন। তবে তৃণমূলের ঢোকার পর দুর্নীতি নিয়ে তেমন কিছু তিনি বলতে চাইলেন না সাংবাদিকদের মুখোমুখি হয়ে। আলিপুরদুয়ার পৌরসভার দুজন নির্দল কাউন্সিলর আগেই তৃণমূলের যোগদান করেছিল কিন্তু তিনি তার ওয়ার্ডে ভোটারদের সঙ্গে একের পর এক বৈঠক করে আলোচনার ভিত্তিতে অবশেষে তিনি আজ তৃণমূলে যোগদান করেছে। উল্লেখ্য রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য আলিপুরদুয়ার জেলার পৌর হলে মহিলা তৃণমূল কংগ্রেসের কর্মী সভায় যোগ দিতে এসেছিলেন শুক্রবার বিকেলে।

# রাজ্যের মন্ত্রীর উপস্থিতিতে মহিলা তৃণমূলের কর্মীসভা



মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ আগস্ট : আলিপুরদুয়ার জেলা মহিলা তৃণমূল কংগ্রেসের উদ্যোগে কর্মী সভা অনুষ্ঠিত হলো আলিপুরদুয়ার পৌর হলে শুক্রবার বেলা আড়াইটা নাগাদ। জেলা মহিলা তৃণমূল কংগ্রেসের কর্মীসভায় উপস্থিত ছিলেন রাজ্য নেত্রী তথা মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। এদিন পৌর হলে মহিলা তৃণমূল কংগ্রেসের কর্মীসভায় মূল বক্তা হিসেবে চন্দ্রিমা ভট্টাচার্য উপস্থিত ছিলেন। তাছাড়াও আলিপুরদুয়ার জেলার তৃণমূল কংগ্রেসের পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর সহ আলিপুরদুয়ার জেলা পরিষদের সভাধিপতি স্নিগ্ধা শৈব সহ জেলার বিভিন্ন মহিলা নেতৃত্বরা। মূলত বিধানসভা ভোট আসন্ন তার আগেই আলিপুরদুয়ার জেলায় মহিলাদের আরো শক্তিশালী করতেই এই কর্মী সভার আয়োজন করা হয়েছিল।

# শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে পর্যাপ্ত পরিমাণে কর্মী নেই, বাড়ছে রোগীর সংখ্যা



মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার ,২২ আগস্ট: অজানা জ্বরে আক্রান্ত শামুকতলার অনেকেই। শুক্রবার বহির্বিভাগে উপচে পড়ছে রোগীদের ভিড় সংখ্যাটা গিয়ে দাঁড়িয়েছে ৩ শতাধিক। এমনটাই জানা গেছে শুক্রবার বেলা দুটা নাগাদ স্বাস্থ্যকর্মীদের থেকে। আলিপুরদুয়ার জেলার বিভিন্ন প্রান্তে অজানা জ্বরে আক্রান্ত হয়েছেন অনেকেই। গ্রামীণ হাসপাতালের পাশাপাশি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র গুলিতে রোগীদের ভিড় উপচে পড়ছে। শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে পর্যাপ্ত পরিমাণে স্বাস্থ্যকর্মী নেই কিন্তু রোগীর সংখ্যা বাড়ছে দিনের পর দিন। শুক্রবার বেলা দেড়টা নাগাদ স্বাস্থ্য কেন্দ্রে গিয়ে দেখা গেল রোগীদের লম্বা লাইন টিকিট কাউন্টার থেকে শুরু করে ঔষধ সংগ্রহ করার জন্য। রীতিমতো হিমশিম খাচ্ছেন স্বাস্থ্যকর্মীরা স্বাস্থ্য কেন্দ্র চত্বরে।

# শিলিগুড়ি পৌর নিগমের আট নম্বর ওয়ার্ডের মহাবীরস্থান মাছ বাজার নির্মান কাজের শিলান্যাস করলেন মেয়র




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ২২ আগস্ট : শিলিগুড়ি পৌর নিগমের আট নম্বর ওয়ার্ডে মহাবীরস্থান মাছ বাজারের নির্মান কাজের শিলান্যাশ করলেন শিলিগুড়ি পৌর নিগমের মেয়র গৌতম দেব। শুক্রবার এই মাছ বাজারের নির্মান কাজের শিলান্যাস করে মেয়র জানান এই কাজের জন্য উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর এক কোটি তেষট্টি লক্ষ টাকা মঞ্জুরি দিয়েছে। মহাবীরস্থানের মাছ বাজারটি আধুনিক মানের করে গড়ে তোলা হবে বলে জানান মেয়র। উপস্থিত ছিলেন মহাবীরস্থান বাজারের ব্যবসায়ীগন, এলাকার বিশিষ্ট ব্যক্তিগন সহ অন্যান্যরা।

# জঙ্গলের জমি দখল নিয়ে মন্ত্রীকে চিঠি বিধায়কের



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার, ২২ আগস্ট : সংরক্ষিত এলাকায় সিমেন্টের কংক্রিট দিয়ে সীমানা প্রাচীর তৈরি করা হচ্ছে। জমি দখলমুক্ত করার জন্য মাঠে নেমেছেন কুমার গ্রামের বিধায়ক মনোজ কুমার ওরাও। ভুটান সীমান্তের ময়না বাড়িতে সংরক্ষিত বনাঞ্চলের ভেতর সরকারি জমি দখল করে অবৈধ নির্মাণের বিরুদ্ধে বনমন্ত্রীকে চিঠি দিলেন কুমার গ্রামের বিধায়ক মনোজ কুমার ওরাও। তিনি বন মন্ত্রীকে দেওয়া চিঠিতে লিখেছেন তুরতুরি খন্ড গ্রাম পঞ্চায়েত এলাকার বাবুধোরা লাইন ভারত ভুটান সীমান্ত ওই এলাকার সংরক্ষিত বনাঞ্চলের মধ্যে আনুমানিক ৩০ থেকে ৪০ বিঘা জমি ঘেরাও করে নির্মাণ কাজ করা হচ্ছে। জেসিবি দিয়ে খনন এবং গাছ কাটা হয়েছে। বিধায়ক এর বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা গ্রহণ করবার আর্জি জানিয়েছেন বনমন্ত্রীর কাছে।

# উদ্ধার কোডিন মিশ্রিত কফ সিরাপ, গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ, ২২ আগস্ট : মুর্শিদাবাদ জেলা পুলিশের রানীনগর থানার পুলিশি গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে শুক্রবার থানা এলাকার গোধনপাড়া এলাকায় অভিযান চালিয়ে দুই ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক দুজনের হেফাজত থেকে উদ্ধার হয় দুশো ছয় বোতল কোডিন মিশ্রিত নিষিদ্ধ কফ সিরাপ। আটক দুজনকে গ্রেপ্তার করে উদ্ধার করা কফ সিরাপ বাজেয়াপ্ত করে পুলিশ ধৃত দুজনের বিরুদ্ধে মামলা রুজু করে। ধৃতদের শনিবার আদালতে পাঠানো হবে। পুলিশ ধৃত দুজনের নাম ঠিকানা গোপন রেখে ঘটনার তদন্ত শুরু করেছে।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |